

...  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বস্ত্র অধিদপ্তর  
বস্ত্র ও পাট মন্ত্রণালয়  
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯ কাওরান বাজার,  
ঢাকা-১২১৫।  
www.dot.gov.bd



স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৩.১৮.০৯৪.১৪.৬৭

তারিখ: ১৫ শ্রাবণ ১৪২৭

৩০ জুলাই ২০২০

বিষয়: বস্ত্র অধিদপ্তর কর্তৃক পরিচালিত বিএসসি টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজসমূহের অনলাইন ক্লাস সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব দিলীপ কুমার সাহা  
মহাপরিচালক

সভার তারিখ ও সময় : ২৬ জুলাই, ২০২০ বিকাল ৫.০০ ঘটিকা।

সভার স্থান : Zoom App এর মাধ্যমে

সভার শুরুতে সভাপতি উপস্থিত অধ্যক্ষবৃন্দ এবং কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, চলমান করোনা পরিস্থিতির কারণে আজকের সভাটি করার জন্য প্রযুক্তির সহায়তা নেওয়া হয়েছে। সভাপতি সকলের স্বাস্থ্য পরিস্থিতি সম্পর্কে খোঁজখবর নেন। অতঃপর বুটেক্স এর অনলাইনে ক্লাস শুরুর সিদ্ধান্তের সাথে সংগতি রেখে টেক্সটাইল কলেজ সমূহে অনলাইনে ক্লাস শুরু করার বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

| ক্রম | আলোচ্য বিষয়               | আলোচনা  | সিদ্ধান্তসমূহ   | বাস্তবায়নকারী                      |
|------|----------------------------|---|---|-------------------------------------|
| ১.   | অনলাইন প্রশিক্ষণ সংক্রান্ত | বস্ত্র অধিদপ্তর কর্তৃক পরিচালিত টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজসমূহের শিক্ষকদের অনলাইনে ক্লাস গ্রহণ সংক্রান্ত প্রশিক্ষণের বিষয়ে আলোচনা হয়। | বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বরাবর একটি পত্র প্রেরণ করতে হবে। | উপপরিচালক (শিক্ষা) বস্ত্র অধিদপ্তর। |

|    |   |  |   |   |
|----|---|--|---|---|
| ২. | অনলাইনে ক্লাস শুরু সংক্রান্ত  | জনাব মোঃ মজিবুর রহমান, অধ্যক্ষ শহীদ আব্দুর রব সেরনিয়াবাত টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ বরিশাল জানান অনলাইনে ক্লাস শুরু করতে হবে তা না হলে বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের তুলনায় বস্ত্র অধিদপ্তর কর্তৃক পরিচালিত টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজের শিক্ষার্থীরা পিছিয়ে পড়বে। | ২.১। আগামী ৯ আগস্ট, ২০২০ তারিখ হতে অনলাইনে ক্লাস শুরু করতে হবে।<br>২.২। ছাত্র ছাত্রীদের এস এম এস দিয়ে অবহিত করতে হবে এবং ওয়েবসাইটে নোটিশ প্রকাশ করা হবে।  | টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজসমূহের অধ্যক্ষবৃন্দ।  |
| ৩. | ইন্টারনেট খরচ বহন সংক্রান্ত   | অধ্যক্ষ মোঃ ছোলাইমান বলেন তিনি ইতিপূর্বে অনলাইনে ক্লাস শুরু করেছিলেন কিন্তু তাঁর কলেজের কিছু ছাত্র-ছাত্রীরা ইন্টারনেটের খরচ বহন করতে না পারায় অনলাইনে শিক্ষার্থী কমে গেছে এবিষয়ে জনাব মোঃ মজিবুর রহমান একমত পোষণ করেন।   | অধ্যক্ষগণ, যে বিভাগ/ মন্ত্রণালয় হতে বিনামূল্যে ইন্টারনেট সুবিধা পাওয়া যায় তার তথ্য শিক্ষা শাখায় প্রেরণ করবেন, অতপর শিক্ষা শাখা বিনামূল্যে ইন্টারনেট সুবিধা প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট বিভাগ/ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করবে। | উপপরিচালক (শিক্ষা), বস্ত্র অধিদপ্তর।              |
| ৪. | শিক্ষা প্রতিষ্ঠান সমূহের শিক্ষার্থীদের ও পাঠদানকারী শিক্ষকবৃন্দের সংখ্যা নির্ধারণ সংক্রান্ত | বস্ত্র অধিদপ্তর কর্তৃক পরিচালিত টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজসমূহের সর্বমোট শিক্ষার্থীদের ও পাঠদানকারী শিক্ষকবৃন্দের সংখ্যার বিষয়ে সভার সভাপতি আলোচনা করেন।  | কলেজসমূহের অনলাইনে শিক্ষকদের ও শিক্ষার্থীদের সংখ্যা অধ্যক্ষগণ শিক্ষা শাখায় প্রেরণ করবেন।   | টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজসমূহের অধ্যক্ষ বৃন্দ। |

|    |                                    |  |   |   |
|----|------------------------------------|--|---|---|
| ৫. | অনলাইন<br>ক্লাস রুটিন<br>সংক্রান্ত | সভার সভাপতি অধ্যক্ষগণের অনলাইন<br>ক্লাস পরিচালনার জন্য ক্লাস রুটিন<br>প্রস্তুতের জন্য নির্দেশনা প্রদান করেন। | ক্লাস রুটিন প্রস্তুত<br>করে ওয়েব<br>সাইটে প্রকাশ<br>করা হবে। | টেক্সটাইল<br>ইঞ্জিনিয়ারিং<br>কলেজসমূহের<br>অধ্যক্ষবৃন্দ। |
|----|------------------------------------|--|---|---|

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন এবং সকলের উদ্দেশ্যে বলেন “নিজে সুস্থ ও নিরাপদ থাকুন, অন্যান্যদের নিরাপদ রাখুন”।



৩০-৭-২০২০

দিলীপ কুমার সাহা

মহাপরিচালক

ফোন: ০২-৯১৩৮৬৬১

ফ্যাক্স: ০২-৯১১৩৫৪৫

ইমেইল: dg@dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৩.১৮.০৯৪.১৪.৬৭/১(৪)

তারিখ: ১৫ শ্রাবণ ১৪২৭

৩০ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) উপাচার্য, বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়, তেজগাঁও, ঢাকা।।

২) সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩) অধ্যক্ষ, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, পাবনা/নোয়াখালী/শহীদ আবদুর রব সেরনিয়াবাত টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, বরিশাল/চট্টগ্রাম/শেখ কামাল টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, ঝিনাইদহ/ ড. এম. এ ওয়াজেদ মিয়া টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, পীরগঞ্জ, রংপুর/বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, কালিহাতী, টাংগাইল।

৪) লাইব্রেরিয়ান, সহকারী পরিচালক (প্রশাসন), বস্ত্র অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।



৩০-৭-২০২০

দিলীপ কুমার সাহা

মহাপরিচালক